# রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম পরিষদের ৩য় সাধারণ সভার কার্যপত্র

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## তারিখঃ ০৪ মার্চ, ২০২৩, বেলা ১১.০০ ঘটিকা

**আলোচ্যসুচিঃ**

**০১। গত ৬ষ্ঠ পরিষদের ১৩তম সাধারণ সভা হতে ৭ম পরিষদের ৩য় সাধারণ সভা পর্যন্ত অত্র কর্পোরেশনের জনসংযোগ শাখা হতে প্রাপ্ত তথ্যানুযায়ী পরলোকগতদের জন্য শোক প্রস্তাব গ্রহণ ।**

| ক্র.নং | নাম ও ঠিকানা | পরিচয় | মৃত্যুর তারিখ |
|---|---|---|---|
| ০১ | সৈয়দ আবুল হোসেন | সাবেক যোগযোগ মন্ত্রী ও আওয়ামী লীগ দলীয় মাদারীপুর-৩ আসনের সাবেক সংসদ সদস্য | ২৪.১০.২০২৩ |
| ০২. | বীর মুক্তিযোদ্ধা অধ্যাপিকা জিনাতুন নেসা তালুকদার | সাবেক সংসদ সদস্য এবং মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী | ২৯.১০.২০২৩ |
| ০৩. | মোঃ বেনজির হোসেন<br>হোসনিগঞ্জ, বেতপট্টি, রাজশাহী | রাজশাহী মহানগরীর ৯নং ওয়ার্ডের হোসনিগঞ্জ নিবাসী | ৯.১১.২০২৩ |
| ০৪. | মোঃ সানোয়ার হোসেন<br>দরিখরবোনা, রাজশাহী | দরিখরবোনা নিবাসী ও প্রবীণ আওয়ামী লীগ কর্মী | ৯.১১.২০২৩ |
| ০৫. | সুবাইদা রহমান | মহানগরীর বিশিষ্ট ব্যবসায়ী শামসুর রহমান পলিন এর ছোট মেয়ে | ১৯.১১.২০২৩ |
| ০৬. | সাজেদুল হোসেন চৌধুরী দীপু | বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমন্ডলীর সদস্য ও সাবেক মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার বড় ছেলে | ২.১২.২০২৩ |
| ০৭. | জুলেখা খাতুন<br>সপুরা, রাজশাহী | রাজশাহী সিটি কর্পোরেশনের কর আদায় শাখার অফিস সহকারী | ১০.১২.২০২৩ |
| ০৮. | নয়লাল উদ্দীন<br>কাঁটাখালী, রাজশাহী | আওয়ামী লীগের কর্মী | ১২.১২.২০২৩ |
| ০৯. | আরফানুল হক রিফাত | কুমিল্লা সিটি কর্পোরেশনের মেয়র ও কুমিল্লা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক | ১৩.১২.২০২৩ |
| ১০. | রেজাউল করিম নান্নু<br>চন্ডিপুর, রাজশাহী | রাজশাহী সিটি কর্পোরেশনের ৭নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর | ১৫.১২.২০২৩ |

| | | | |
|---|---|---|---|
| ১১. | মনোয়ারা খাতুন<br>কাদিরগঞ্জ, রাজশাহী | রাসিকের প্যানেল মেয়র-২ ও ১৩নং ওয়ার্ড কাউন্সিলর মোঃ আব্দুল মোমিনের ফুফু | ২৫.১২.২০২৩ |
| ১২. | দিলারা বেগম<br>বুধপাড়া, রাজশাহী | আওয়ামী লীগ নেতা বীর মুক্তিযোদ্ধা আব্দুস সামাদের সহধর্মিনী | ২৯.১২.২০২৩ |
| ১৩. | সুরাতন নেসা<br>টিকাপাড়া, রাজশাহী | রাসিকের ২৩ নং ওয়ার্ড কাউন্সিলর মাহাতাব হোসেন চৌধুরীর মাতা | ৬.১.২০২৪ |
| ১৪. | বীর মুক্তিযোদ্ধা বদিউজ্জামান চৌধুরী | বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ রাজশাহী জেলা ইউনিটের সাবেক সহকারী কমান্ডার | ১০.১.২০২৪ |
| ১৫. | শাহানাজ পারভীন<br>দরগাপাড়া, রাজশাহী | রাজশাহী সিটি কর্পোরেশনের স্বাস্থ্য সহকারী | ১৫.১.২০২৪ |
| ১৬. | বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী<br>ধরমপুর, রাজশাহী | রাজশাহী সিটি কর্পোরেশনের অবসরপ্রাপ্ত ট্রেড লাইসেন্স পরিদর্শক | ১৬.১.২০২৪ |
| ১৭. | এস এম আরিফ রতন | রাজশাহী মহানগরের ৩নং ওয়ার্ড আওয়ামী লীগের নেতা | ১৮.১.২০২৪ |
| ১৮. | আইমান আল-আরাফ | রাজশাহী মহানগর যুবলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক তৌরিদ আল মাসুদ রনির পুত্র | ২৪.১.২০২৪ |
| ১৯. | আহসানুল হক পিন্টু | রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও রাজশাহী মহানগর আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক | ১.২.২০২৪ |
| ২০. | লাইলি বেগম | বাংলাদেশ মহিলা আওয়ামী লীগ রাজশাহী মহানগরের ৭নং ওয়ার্ড মহিলা আওয়ামী লীগের সভাপতি | ৩.২.২০২৪ |
| ২১. | মমেনা বেগম<br>লক্ষীপুর, ঝাউতলা, রাজশাহী | রাসিকের আইসিটি শাখার এম আই এস পাসোনাল মামুন মাহমুদের মাতা | ৩.২.২০২৪ |
| ২২. | মোছাঃ শহর বানু<br>হড়গ্রাম, রাজশাহী | ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি মরহুম আলতাফ হোসেন সহধর্মিনী | ৮.২.২০২৪ |
| ২৩. | পর্বত আলী পচু | ২৭নং ওয়ার্ড আওয়ামী লীগের শ্রম বিষয়ক সম্পাদক | ১৩.২.২০২৪ |
| ২৪. | মোছাঃ তাসলিমা বেগম<br>আহম্মদপুর, রাজশাহী | রাসিক পরিচালিত ২৩নং ওয়ার্ডের রাজশাহী সিটি প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা | ১৪.২.২০২৪ |

| | | | |
|---|---|---|---|
| ২৫. | সাকিনা রহমান<br>রাজারহাতা, পানবর, রাজশাহী | বীর মুক্তিযোদ্ধা মরহুমা মোস্তাফিজুর রহমান সওদাগরের সহধর্মিনী এবং রাসিকের উপ সহকারী প্রকৌশলী সজিবুর রহমানের মাতা | ১৫.২.২০২৪ |
| ২৬. | জেসমিন মোহাম্মদ মৌ | রাসিকের ম্যাজিস্ট্রেসি শাখার অফিস সহকারী | ২০.২.২০২৪ |
| ২৭. | মোছা: সায়েরা বেগম | ১৮নং ওয়ার্ড (দক্ষিন) আওয়ামী লীগের সহ-সভাপতি জলিল হাওলাদার এর সহধর্মিনী | ২৩.২.২০২৪ |
| ২৮. | রাজু আহম্মেদ<br>বর্ণালী, হেতেমখাঁ, রাজশাহী | রাসিক এর নিরাপত্তা শাখার গার্ড | ০১.০৩.২০২৪ |

**০২। গত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ২য় সাধারণ সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ।**

{(১) গত ২০ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ১ম সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (২) গত ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ বাজেট সভার গৃহীত সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৩) কার্যবিবরনীর পরিশিষ্ট 'গ' মোতাবেক গঠিত স্থায়ী কমিটিসমূহ এবং পরিশিষ্ট 'ঘ' মোতাবেক গঠিত মেয়রের প্যানেল রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম পরিষদের জন্য কার্যকর হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো মর্মে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৪) রাজশাহী সিটি কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সচিবালয় বিভাগ সার্বিক তদারকি করবে মর্মে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৫) রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ অগ্রগতির বিষয়টি পঠিত গণ্যে অবহিতকরণ হয়েছে। এলাকা সম্পসারণের বিষয়টি দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৬) ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০০৫ বাস্তবায়নে প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে সকল সম্মানিত কাউন্সিলর ও বিভাগীয় প্রধানগণ সার্বিক সহযোগিতা প্রদান

করবেন মর্মে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৭) ২৭ নং ওয়ার্ডে মোহাম্মদপুর (টিকাপাড়া) কারিগরি মাদ্রাসা স্থাপনের নিমিত্ত টিকাপাড়া কবরস্থানের উত্তরাংশে সংশোধিত তফসিল বর্ণিত শিরোইল মৌজায় আরএস খতিয়ান নং ৭, আরএস দাগ নং-৪৩৩৩, পরিমান-০.২২৪২ একর ভূমি শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের মর্মে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৮) সোনার বাংলা ফাউন্ডেশন-বাংলাদেশ কর্তৃক ডায়ালাইসিস সেন্টার স্থাপনের জন্য হেতেমখা আরবান প্রাইমারী হেলথ্ কেয়ার সেন্টার শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (৯) কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে প্রধান রাজস্ব কর্মকর্তা ইন্টারনেট/ডিস লাইন প্রদানকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান, যাদের উপর কর আরোপ করা যায় তাদের তালিকা দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুত করবেন এবং বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ে সম্মানিত কাউন্সিলগণ সার্বিক সহযোগীতা প্রদান করবেন মর্মে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (১০) ৩রা নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ জেল হত্যা দিবস পালন উপলক্ষে ৩,৫৮,০০০.০০ টাকা ব্যয় ভূতাপেক্ষভবে অনুমোদনের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (১১) রাজশাহী সিটি কর্পোরেশনের বিদ্যুৎ শাখা কর্তৃক নগর ভবনের সম্মুখের প্রবেশপথে স্থাপিত দু'টি লিফট পূর্ণাঙ্গরুপে চালুকরণের লক্ষ্যে বিভিন্ন সরঞ্জামাদি ক্রয় এবং স্থাপন সংক্রান্ত প্রস্তাবিত ব্যয় ১৮,৯৯,২৩৮/= (আঠারো লক্ষ নিরানব্বই হাজার দুইশত আটত্রিশ) টাকা ইজিপিতে উন্মুক্ত ক্রয় পদ্ধতির মাধ্যমে এবং বালিয়াপুকুর মোড় হতে আর এইচ ছাত্রাবাস এবং বর্ণালী মোড় হতে সিএন্ডবি মোড় পর্যন্ত GNAT Cable সংযোজন বাবদ প্রস্তাবিত ব্যয় ৩,৩৫,০০০/= (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা অনুরোধ জ্ঞাপন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন। (১২) চলমান আলোচনায় আশানুরুপ ফলাফল না হলে রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন "সিটি সেন্টার" মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদানের বিষয়টি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত অনুমোদন। (১৩) (ক) রাজশাহী সিটি কর্পোরেশন এমপ্লয়মেন্ট স্কিলস ডেভেলপমেন্ট ইন্সটিটিউট চালুকরণের ক্ষেত্রে কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ (খ) দ্রুততম সময়ের মধ্যে উক্ত ইন্সটিটিউট এর জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ

কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ এবং (গ) এমপ্লয়মেন্ট স্কিলস ডেভেলপমেন্ট ইন্সটিটিউট প্রতিষ্ঠাকল্পে পেশাদারিত্বের অভিজ্ঞতাপ্রসূত সহযোগিতা ও সমন্বয় তদারকির জন্য প্রফেসর মহাঃ হবিবুর রহমান, সাবেক অধ্যক্ষ, রাজশাহী কলেজ কে অবৈতনিক (অনারারি) কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত অনুমোদন। (১৪) (ক) রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান নার্সিং কলেজ প্রতিষ্ঠাসহ কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ, (খ) দ্রুততম সময়ের মধ্যে উক্ত ইন্সটিটিউট এর জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ এবং (গ) শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান নার্সিং কলেজ প্রতিষ্ঠাকল্পে পেশাদারিত্বের অভিজ্ঞতাপ্রসূত সহযোগিতা ও সমন্বয় তদারকির জন্য প্রফেসর মহাঃ হবিবুর রহমান, সাবেক অধ্যক্ষ, রাজশাহী কলেজ কে অবৈতনিক (অনারারি) কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত অনুমোদন। (১৫) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫০ উপধারা (৪) মোতাবেক মাননীয় মেয়রের স্বীয় বিবেচনা অনুযায়ী কর্পোরেশনের পরবর্তী সভা আহবান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত অনুমোদন।

০৩। <u>অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি ঃ</u>

(ক) ০৫-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ০৬-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই-২৩ হতে ডিসেম্বর-২৩ পর্যন্ত রাজস্ব খাতের আয় ও ব্যয় বিবরনী অনুমোদনের জন্যে সাধারন সভায় উপস্থাপনের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন। (২) শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান নার্সিং কলেজ স্থাপনের জন্য =১,০২,৪৫,০০০/- (এক কোটি দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকার প্রতিষ্ঠানের ব্যয় রাজশাহী সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত ও নার্সিং কলেজের নামে একটি ব্যাংক হিসাব খোলার প্রস্তাব করে তার ভুতাপেক্ষ অনুমোদন। (৩) রাজশাহী সিটি কর্পোরেশন ইমপ্লয়মেন্ট স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং সেন্টার স্থাপনের জন্য কম্পিউটার সহ আসবাবপত্র ক্রয় বাবদ প্রায় ৫৬ (ছাপান্ন লক্ষ) টাকা সহ অন্যান্য ব্যয় রাজশাহী সিটি

কর্পোরেশনের নিজস্ব (রাজস্ব/উন্নয়ন) তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রাথমিক ভাবে এ প্রতিষ্ঠানের ভর্তি ফি বাবদ যে আয় হয়েছে তা প্রতিষ্ঠানের প্রশিক্ষকগণের সম্মানী/পারিশ্রমিক প্রদানের ভূতাপেক্ষ অনুমোদন। (৪) জনাব মোঃ শাহিনুল ইসলাম খান কে সম্পুর্ণ অস্থায়ীভাবে জানুয়ারী-২০২৪ মাস থেকে আগামী ৩৬ মাসের জন্য প্রতি মাসে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পারিশ্রমিক রাজস্ব তহবিল থেকে প্রদানের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন। (৫) মাননীয় মেয়র জরিপ কার্যক্রমে কোন অনিয়ম না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য প্রধান রাজস্ব কর্মকর্তা নিদের্শনা প্রদানের বিষয়টি অনুমোদন। (৬) শেখ রাসেল পার্কের টিকিট মূল্য ২০/- (কুড়ি) টাকা নির্ধারণের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন। (৭) নগর ভবন চত্ত্বরে জনগনের গুরুত্ব বিবেচনা করে অগ্রণী ব্যাংক লিঃ, নগর ভবন শাখাকে ব্যাংকের নিজস্ব খরচে ডেকোরেশন/নির্মাণ করার শর্তে ৮৮ বর্গফুট জায়গা মাসিক ভাড়া =১৫,০০০/- (পনের হাজার) টাকা নির্ধারণ করে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য প্রধান রাজস্ব কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের বিষয়টি অনুমোদন। (৮) বরাদ্দ পাওয়া এক্সেভেটর এর দৈনিক ভাড়া ৭,০০০/- (সাত হাজার) টাকা সহ প্রযোজ্য ভ্যাট যুক্ত করে ভাড়া প্রদানের প্রস্তাব অনুমোদন। (৯) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ফিজিও থেরাপি কনসালটেন্ট ভিজিটিং কনসালটেন্ট নিয়োজিত করণের প্রস্তাব অনুমোদন। (১০) নিয়ম অনুযায়ী ৫(পাঁচ) বছর পর পর জরিপ করে পূণঃ কর নির্ধারণ বাধ্যবাধকতা থাকায় সরকারী হোল্ডিং এর জরিপ কার্যক্রম শুরু করণের প্রস্তাব অনুমোদন। (১১) রাজশাহী মহানগরীর তিন তারকার নিম্নে সকল আবাসিক হোটেলে রাত্রী যাপনের জন্য পূর্বের ন্যয় ২% ভাড়ার উপর কর আদায়ের বিষয় অন্তর্ভুক্ত করার প্রস্তাব অনুমোদন। (১২) সিটি হাট ১৪৩১ বঙ্গাব্দ বছরে ইজারা প্রদান কল্পে প্রাপ্ত দর দরপত্র মূল্যায়ন কমিটির সভায় সুপারিশ কৃত ৩,৬১,০০,০০০/- (তিন কোটি একষট্টি লক্ষ) টাকা অনুমোদনের প্রস্তাব অনুমোদন। (১৩) জনাব নিযাম উল আযীম, প্যানেল মেয়র-১, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২১ কে আহ্বায়ক করে জনাব মোঃ আবু বাক্কার কিনু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১১, জনাব মোঃ সরিফুল ইসলাম বাবু, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, রাসেল জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৯ ও বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা কে সদস্য অন্তর্ভুক্ত করে এবং এ কাজে প্রধান রাজস্ব কর্মকর্তাকে সদস্য সচিব করে শাপলা সুপার মার্কেট, স্বপ্নচুড়া মার্কেট, বৈশাখী মার্কেট বরাদ্দ গ্রহীতা/উদ্যোগী সংস্থার নিকট ভাড়া/সেলামী মূল্য আদায় সংক্রান্ত সমস্যা সমাধনের সুপারিশ অনুমোদন। (১৪) হড়গ্রাম সুপার মার্কেটের বিষয়ে জনাব মোঃ আশরাফুল ইসলাম, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ কে আহ্বায়ক, জনাব মোঃ কামরুজ্জামান, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫ কে সদস্য ও প্রধান রাজস্ব কর্মকর্তাকে সদস্য সচিব করে ভাড়া আদায়ের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রস্তাব অনুমোদন। (১৫) লালন শাহ্ পার্কের পশ্চিমাংশে ব্লক

এ নোঙ্গরের মাসিক ভাড়ার ভিত্তিতে ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের বিষয়ে শর্তাবলী চুড়ান্ত অনুমোদন গ্রহণ করে তা দরপত্র আহ্বানের মাধ্যমে সর্বোচ্চ দরদাতাকে প্রদানের প্রস্তাব অনুমোদন। (১৬) প্রধান রাজস্ব কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত ব্যাসার ধরণ গুলি মডেল ট্যাক্স সিডিউলে অন্তর্ভুক্ত করণের জন্য প্রশাসনিক অনুমোদন নিয়ে মন্ত্রণালয়ে প্রেরনের প্রস্তাব অনুমোদন। (১৭) বেতন ব্যতিত অফিস কর্তৃক কোন কর্মকর্তার নামে হিসাব না খোলার সুপারিশ অনুমোদন। এছাড়া পিপিআর-২০০৮ এর ৮১ ও ৮২ ধারা অনুসারে যদি প্রয়োজন হয় তবে ৩ লক্ষ টাকার ৮০% অগ্রীম গ্রহণ করে তা পরবর্তীতে বিল দাখিলের মাধ্যমে সমন্বয় করার প্রস্তাব অনুমোদন। (১৮) খন্ডকালীন আইন উপদেষ্টা (দেওয়ানী) সহযোগী হিসেবে নিয়োগের সুপারিশ অনুমোদন করে মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পারিশ্রমিক প্রদানের প্রস্তাব অনুমোদন। (১৯) "শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান এর জন্মশতবর্ষের শ্রদ্ধাঞ্জলি" বইটি ১০০০ কপি ক্রয় করে তা উপহার হিসেবে দেশি, বিদেশি মেহমান ও রাজশাহী মহানগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও পাঠাগারে প্রদানের প্রস্তাব অনুমোদন। (২০) বাজেট কাম-হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকুলে সাহায্য বা অনুদান প্রদানের প্রস্তাব ভূতাপেক্ষ অনুমোদন। (২১) আগামী বাজেটের আগে ই.পি.আই. সুপারভাইজারগণের কোন প্রকার মজুরী বৃদ্ধি না করার প্রস্তাব অনুমোদন। (২২) আগামী বাজেটের আগে খন্ডকালীন হোমিও চিকিৎসক ডাঃ নুরুল ইসলাম এর কোন প্রকার মজুরী বৃদ্ধি না করার প্রস্তাব অনুমোদন। (২৩) সকল বিভাগ/শাখায় মুভমেন্ট রেজিষ্টার চালু করার জন্য সচিব মহোদয়কে দায়িত্ব প্রদানের প্রস্তাব অনুমোদন। (২৪) ২নং ওয়ার্ডে ওয়ালটনের সাইনবোর্ড অপসারণ বিষয়ে আইনগত পদক্ষেপ নেয়ার জন্য আইন কর্মকর্তা/নির্বাহী ম্যাজিষ্ট্রেট কে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সুপারিশ অনুমোদন। (২৫) বিজ্ঞাপন কর আদায় অনিয়মের বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করার প্রস্তাব অনুমোদন।}

০৪। <u>যোগাযোগ স্থায়ী কমিটি ঃ</u>

(ক) ২৮-১২-২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) ক. প্রাধিকারভুক্ত নয় এ সকল কর্মকর্তার ব্যবহৃত গাড়ীতে মাসিক সর্বচ্চো ১২৫ লিঃ জ্বালানী বরাদ্দ বিষয়ে মাননীয় মেয়র মহোদয়ের সহিত আলোচনা স্বাপেক্ষে নির্ধারন খ. কঞ্জারভেন্সী বিভাগের আওতাধীন ব্যবহৃত যানবাহনের সঠিক রুট প্ল্যান নির্দিষ্ট করে গাড়ী ব্যবহার সীমিতকরণের বিষয়ে উক্ত বিভাগকে উদ্যেগ গ্রহন ও বাস্তবায়নের সুপারিশ অনুমোদন। (২) পরিবহন পুল গঠন বিষয়টি স্থগিত করার সুপারিশ অনুমোদন। (৩) ভারত সরকার কর্তৃক উপহার হিসেবে প্রাপ্ত এ্যাম্বুলেন্স সেবা ভাড়ায় প্রদান এবং জ্বালানী ব্যয় নির্ধারিত ভাড়ার মধ্যে অন্তর্ভূক্ত এবং প্রতি কিঃমিঃ ভাড়া নির্ধারন করে এ্যাম্বুলেন্স ব্যবহার নীতিমালা চুড়ান্ত করনের জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানানোর সুপারিশ অনুমোদন। (৪)

দপ্তর/সংস্থার যানবাহন/যন্ত্রপাতি চাহিদা ও ব্যবহারের ক্ষেত্রে সুনির্দিষ্ট নিতিমালার খসড়া প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের সুপারিশ অনুমোদন।}

(খ) ১১-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ২৪-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) ১ম ও ২য় সভার কার্যবিবরণী সমূহ পঠিত ও গৃহীত সুপারিশ সমূহ অগ্রগতি করার সুপারিশ অনুমোদন। (২) যানবাহন/যন্ত্রপাতি/এ্যাসফাল্ট প্ল্যান্ট ইত্যাদির ভাড়া পুন: নির্ধারণ এবং যানবাহনের নিতিমালা হালনাগাদের প্রস্তাব আগামী সাধারন সভায় উপস্থাপনের সুপারিশ অনুমোদন। (৩) রাসিকের সকল প্রকার যানবাহন/যন্ত্রপাতিতে সিটি কর্পোরেশনের মনোগ্রাম সম্বলিত রেডিয়াম স্টিকার সংযোজনের সুপারিশ অনুমোদন। (৪) ৯টি যানবাহন/যন্ত্রপাতিতে খুচরা অটো ইলেকট্রিক যন্ত্রাংশ/মালামাল ৫৪,৭৪০/- (চুয়ান্ন হাজার সাতশত চল্লিশ) টাকার মধ্যে ক্রয়ের অনুমোদন ও PPR-08 এর ক্রয় নিতি অনুসরণে কাজ বাস্তবায়নের সুপারিশ অনুমোদন। (৫) অডিট আপত্তি হলে সংশ্লিষ্ট কর্মচারী ব্যক্তিগত দায় হিসেবে তা ৩০০/- (তিন শত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা প্রদান স্বাপেক্ষে অস্থায়ী কর্মকর্তা/কর্মচারী জনাব মো: রোকনুজ্জামান (টুটুল), সার্ভেয়ার ও জনাব মো: আল আমিন সরকার, ক্যামেরাম্যান ব্যক্তিগত মটরসাইকেলে জ্বালানী প্রদানসহ অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত মটরসাইকেলে জ্বালানী প্রদান সংক্রান্ত আবেদন আগামী সাধারন সভায় সিদ্ধান্তের জন পেশ করার সুপারিশ অনুমোদন। (৬) রাজশাহী সিটি কর্পোরেশনের যানজট নিরাসনের জন্য বাস ও ট্রাক টার্মিনালগুলো সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে পরিচালনা করার বিষয়ে পরবর্তী সভায় আলোচ্যসূচী ভুক্তের সুপারিশ অনুমোদন।}

(গ) ২২-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) শিরোইল টার্মিনালের মটরযানসমূহ নওদাপাড়াস্থ টার্মিনালে স্থানান্তর, নওদাপাড়া টার্মিনালটি রাজশাহী সিটি কর্পোরেশনের অনুকূলে হস্তান্তরের উদ্যোগ গ্রহণ এবং এর প্রস্তাবিত বর্ধিত সিটি এলাকায় পূর্ব, পশ্চিম ও উত্তরে ভূমি অধিগ্রহণ করে ৩টি অত্যাধুনিক বাস ও ট্রাক টার্মিনাল নির্মাণের পরিকল্পনা গ্রহণের বিষয়ে আগামী সাধারন সভায় আলোচনার সুপারিশ অনুমোদন। (২) জ্বালানী ব্যয় সাশ্রয়ের নিজস্ব ব্যবস্থাপনায় বিস্ফোরক অধিদপ্তর হতে কঞ্জুমার লাইসেন্স গ্রহণ করে যান্ত্রিক শাখার প্ল্যান্ট এরিয়ায় জ্বালানী ডিপো স্থাপনের সুপারিশ অনুমোদন। (৩) ক. এ্যাসফাল্ট প্ল্যান্ট এরিয়ার নিরাপত্তায় সীমানা প্রাচীর নির্মাণ বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধে সুপারিশ অনুমোদন। খ. আলিফ-লাম-মীম ভাটা হতে বিহাস বাইপাস রোডে চলাচলকারী বালিবাহি ডাম্প ট্রাকের নিকট টোল আদায়ের আইনগত দিক বিবেচনা করে টোল আদায়ের সুপারিশ

অনুমোদন। গ. সরকার/মন্ত্রণালয়ের সহিত যোগাযোগ স্থাপন করে প্রকল্প ব্যয়ে কোস্টারসহ প্রয়োজনীয় যানবাহন ক্রয়ের প্রক্রিয়া অব্যহত রাখার সুপারিশ অনুমোদন।}

০৫। **<u>পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি ঃ</u>**

(ক) ২৫-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) রাজশাহী সিটি কর্পোরেশনের ৩০টি ওয়ার্ডে আসন্ন মাহে রমযান উপলক্ষ্যে আলোকায়ন ব্যবস্থা জোরদার করনে মোট **৬,৫৬,২৫০/- (ছয় লক্ষ ছাপান্ন হাজার দুইশত পঁঞ্চাশ) টাকা** ব্যয়ে পিপিআর ২০০৮ এর ৬৯ ধারা অনুযায়ী অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে পৃথকভাবে দু'টি প্যাকেজে ক্রয় সম্পাদন এবং ক্রয়ের ব্যয় রাজস্ব/উন্নয়ন খাত হতে নির্বাহ করার সর্বসম্মত সুপারিশ অনুমোদন।}

০৬। **<u>শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি ঃ</u>**

(ক) ১১-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ১২-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।(শিক্ষা)

{(১) ক. শিক্ষিকাবৃন্দের মাসিক বেতন ৫৫০০/-(পাঁচ হাজার পাঁচশত টাকা) চলমান থাকায় মানবিক দিক বিবেচনায় ৩০০০/- (তিন হাজার) টাকা বৃদ্ধির জন্য সাধারন সভায় উপস্থাপনের সুপারিশ অনুমোদন । খ. কেন্দ্র পরিচালনা ও পাঠদান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষে প্রয়োজনীয় মালামাল এর চাহিদা প্রস্তুত পূর্বক বাজেটে উপস্থাপন ও সরবরাহ নিশ্চিতকরনে ব্যবস্থা গ্রহনে সাধারন সভায় উপস্থাপনের সুপারিশ অনুমোদন । (২) ক. শিক্ষিকাবৃন্দ জন্ম নিবন্ধন ছাড়া কোন শিশুকে ভর্তি করা থেকে বিরত থাকবেন, খ.শিক্ষিকাদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন এবং গ. শিশুদের মাসিক টোকেন মানি জন প্রতি ছাত্র/ছাত্রী ৫০ টাকা মাসিক বেতন হিসেবে (শিক্ষা উপকরন ক্রয়ের জন্য) সাধারন সভায় উপস্থাপনের সুপারিশ অনুমোদন।}

(খ) ০২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।(স্বাস্থ্য)

{(১) গঠিত বর্ণিত কমিটির কার্যক্রম জনস্বার্থে সুষ্ঠু ও সুন্দর ভাবে পালনে সকলকে সর্বাত্মক সহযোগীতার আহ্বান জানিয়ে সভায় গৃহীত সুপারিশ অনুমোদন। (২) স্বাস্থ্য বিভাগের সকল বিভাগের কাজ সুষ্ঠভাবে পরিচালনার জন্য আরও বেশী উদ্দ্যমী হয়ে সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যাওয়া ও অর্জিত সম্মান ধরে রেখে ভবিষ্যতে আরও বেশী অর্জনের জন্য সদাপ্রস্তুত থাকার সর্বসম্মত সুপারিশ অনুমোদন।}

(গ) ২২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।(স্বাস্থ্য)
{(১) আগামীতে সম্পৃক্ত এনজিওসমুহের লোকবল ও কার্যক্রমের বিস্তারিত তথ্য সংগ্রহ সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধিদের নিয়ে আলোচনার মাধ্যমে সেবা সমূহ প্রদানের সর্বসম্মত গৃহীত সুপারিশ অনুমোদন। (২) জনস্বাস্থ্য বিভাগের আওতায় মোট ৫টি শাখা আছে। যথাক্রমমে ১.স্বাস্থ্য ও সংক্রামক ব্যাধি নিয়ন্ত্রণ শাখা, ২. স্যানিটারী ও পরিবার পরিকল্পনা শাখা, ৩. কসাই খানা শাখা, ৪ জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখা এবং ৫ সিটি হাসপাতাল শাখা। প্রতিটি শাখার স্থায়ী ও অস্থায়ীসহ লোকবল, কার্যক্রম এবং বাৎসরিক কর্মপরিকল্পনাসহ কালারফুল প্রতিবেদন জনসংযোগ কর্মকর্তার সহযোগিতা নিয়ে বই আকারে প্রস্তুতকরণের সুপারিশ অনুমোদন। (৩) স্বাস্থ্য কার্যক্রমের জন্য বরাদ্দ প্রাপ্ত অর্থ স্বাস্থ্য কমিটিকে অবগত করে স্বাস্থ্য বিভাগে ব্যবহার করার জন্য বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানানোর সুপারিশ অনুমোদন। (৪) আগামীতে মাননীয় মেয়র মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে ৩০টি ওয়ার্ডে উক্ত কার্যক্রম পরিচালনাসহ শিক্ষিকাদের বেতন সমন্বয় ও নিকটস্থ বিদ্যালয়ে স্থানান্তররের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সুপারিশ অনুমোদন। (৫) হাসপাতালের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল উপকরণ সরবরাহ এবং প্রতিমাসে ডিউটি ডাক্তার হিসাবে ৬০টি ডিউটি যার সম্মানী ১২০০/- হারে অনুমোদনের ব্যবস্থা গ্রহনের সুপারিশ অনুমোদন। (৬) এমআর লাইসেন্স গ্রহনকারী প্রতিষ্ঠানে কার্যক্রম বিষয়ে অবগতির জন্য উক্ত সমিতির সভাপতি ও সেক্রেটারী ও ক্লিনিক মালিকদের প্রতিনিধিবৃন্দদের নিয়ে আলোচনা করার সুপারিশ অনুমোদন। (৭) ২৫ ও ৮ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর মহোদয়গনকে স্বাস্থ্য স্থায়ী কমিটিতে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় মেয়র মহোদয়কে অনুরোধ জানানোর সুপারিশ অনুমোদন। (৮) আগামী ৪ ফেব্রুয়ারী ২০২৪ তারিখে জন্ম-মৃত্যু নিবন্ধন কমিটির সভা এ্যানেক্স ভবনে আয়োজন করা এবং উক্ত সভায় সম্মানিত সকল ওয়ার্ড কাউন্সিলর মহোদয়, সকল শাখা প্রধান, ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর, এবং সকল টিমলিডারগনকে উপস্থিত হবার সুপারিশ অনুমোদন। (৯) সোনার বাংলা এনজিওর স্বাস্থ্য সেবা সহ অন্যান্য কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করে মতবিনিময়ের সভা আয়োজনের সুপারিশ অনুমোদন। (১০) সিটি কর্পোরেশন হতে উক্ত এ্যাম্বুলেন্সটি জরুরী ভিত্তিতে মেরামতের সুপারিশ অনুমোদন।}

০৭। <u>মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ঃ</u>
(ক) ৩০-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভা এবং ৩১-০১-২০২৪ তারিখে অনুষ্ঠিত মূলতবি সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম জনস্বার্থে সুষ্ঠু ও সুন্দরভাবে পালনে সকলকে সর্বাত্মক সহযোগিতার আহ্বান জানিয়ে সভায় গৃহীত সুপারিশ অনুমোদন। (২) ক. সন্তান ধারণক্ষম ১৫-৪৯ বছরের কোনো মহিলা ৫টি টিডি টিকা (টিটেনাস ও ডিপথেরিয়া টিকা) দেয়া থেকে যেন বাদ না যায় সেদিকে সজাগ দৃষ্টি রাখা এবং টিকার হার বৃদ্ধি করার সুপারিশ অনুমোদন। খ. যেহেতু বাল্য বিবাহ ও বহু বিবাহ সমাজের এক ভয়াবহ অভিশাপ তাই বাল্য বিবাহ ও বহু বিবাহের কারণে নারী ও শিশু পাচার এবং বহু বিবাহের মাধ্যমে বহু সংসারের ভাঙ্গন, সংসারে অশান্তি, স্বামী-স্ত্রী ও ছেলে-মেয়েদের বিপথে যাওয়া বা বিপদগামী হওয়া সর্বোপরি বিশৃঙ্খলা ও সামাজিক রোধকল্পে বাল্য বিবাহ ও বহু বিবাহ প্রতিরোধে দ্রুত দিক নির্দেশনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ অনুমোদন এবং গ. মহানগরবাসীর জন্ডিস তথা হেপাটাইটিস- এ এবং হেপাটাইটিস- ই ভাইরাস প্রতিরোধে মহানগরীর ড্রেনের সাথে সুয়ারেইজের লাইন থেকে সাপ্লাই পানির পাইপ আলাদা করা এবং সাপ্লাই পানির পাইপ কোনো অংশে ভেঙ্গে গেলে দ্রুত মেরামতের সুপারিশ অনুমোদন।}

০৮। **<u>জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটিঃ</u>**

(ক) ২২-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) জন্ম-মৃত্যু নিবন্ধন স্থায়ী কমিটির কমিটির কার্যক্রম জনস্বার্থে সুষ্ঠু ও সুন্দর ভাবে পালনে সকলে সর্বাত্মক সহযোগীতা প্রদান করবেন মর্মে গৃহীত সুপারিশ অনুমোদন। (২) জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখার কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আরও বেশী উদ্দ্যমী হয়ে সকল কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যাওয়া ও অর্জিত সম্মান ধরে রাখার সুপারিশ অনুমোদন। (৩) সকল নিবন্ধক কার্যালয়ে ও ইপিআই টিকা সেন্টার গুলোতে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন অনুসারে ০-৩৬৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করা শাস্তিযোগ্য অপরাধ তা ব্যানার আকারে ঝুলাতে হবে। জন্ম নিবন্ধন না করলে আইনানুগ শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে এবং উক্ত ব্যাক্তিকে ৫০০০ (পাঁচ হাজার ) টাকা জরিমানা অনাদায়ে ১ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করা হবে মর্মে গৃহীত সুপারিশ অনুমোদন। (৪) সকল ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর , সাধারন ওয়ার্ড /সংরক্ষিত আসন, ওয়ার্ড সচিব, ডাটা এন্ট্রি অপারেটর, স্বাস্থ্য সহকারী (টিমলিডার) দের সাথে আগামী ৪ ফেব্রুয়ারী ২০২৪ জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি সভা অনুষ্ঠিত হবে মর্মে গৃহীত সুপারিশ অনুমোদন।

০৯। **পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটি ঃ**

(ক) ০৫-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) ক. কেন্দ্রীয় উদ্যানের বিভিন্ন রাইডসমূহের ইজারা কার্যক্রম তরান্বিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সুপারিশ অনুমোদন, খ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের পিকনিক স্পটসমূহ দ্রুত প্রস্তুত করার সর্বসম্মত সুপারিশ অনুমোদন, গ. পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির তত্ত্বাবধনে রঙিন মাছ কেন্দ্রীয় উদ্যানে অভ্যন্তরে অবস্থিত পুকুরে দ্রুত ছাড়ার সর্বসম্মত সুপারিশ অনুমোদন, ঘ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানে দর্শনার্থীদের মনোরঞ্জন করার জন্য দেশী পাখির খাঁচা তৈরীর সর্বসম্মত সুপারিশ অনুমোদন, ঙ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যান সহ পার্ক/বিনোদন স্পটসমূহ নিয়মিত ভিজিট করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সুপারিশ অনুমোদন, চ. শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানের সুপারভাইজার উক্ত উদ্যানের পরিস্কার পরিচ্ছন্নতাসহ অন্যান্য কার্যক্রম সুচারুরুপে সম্পাদনের জন্য অতিরিক্ত জনবল দ্রুত সংস্থাপনের সর্বসম্মত সুপারিশ অনুমোদন, ছ. রাসিকের নিয়ন্ত্রণাধীন সকল বিনোদন কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী সহ অন্যান্য কর্মচারীগণের তালিকা আগামী সভায় উপস্থাপনের সর্বসম্মত সুপারিশ অনুমোদন।}

১০। **পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ঃ**

ক) ১৮-০১-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) মহানগরীর নতুন সংস্কারকৃত সড়ক সমূহে দৃষ্টিনন্দন গাছ রোপণ এবং গাছে পানি দেওয়ার জন্য নতুন ৩টি পানির গাড়ি সংযুক্ত করার সর্বসম্মত সুপারিশ অনুমোদন। (২) রাজশাহী শিশুপার্কের পূর্ব দিকে ছায়াদানকারী বড় গাছ লাগানো এবং শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানে শীতকালীন ফুল শেষে গ্রীষ্ম/বর্ষাকালীন সৌন্দর্যবর্ধক ফুলগাছ রোপণের সুপারিশ অনুমোদন। (৩) মাননীয় মেয়র মহোদয়কে অবহিত করে আগামী বর্ষা মৌসুমের পূর্বেই সিপাইপাড়া জেলখানার পিছনে বাঁধের স্লোপে ফেন্সিং দেয়ার বিষয়ে গৃহীত সুপারিশ অনুমোদন। (৪) শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান চত্বর হতে নওহাটা পর্যন্ত পর্যায়ক্রমে ফেব্রুয়ারি মাস হতে বেড প্রস্তুত করে বৃক্ষরোপণের গৃহীত সুপারিশ অনুমোদন। (৫) পরিবেশ শাখায় কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় দ্রুত জনবল বৃদ্ধির ব্যাপারে সুপারিশ অনুমোদন।}

{(১) রাকের ৭ম পরিষদের গঠিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির প্রথম সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ সর্বসম্মতভাবে দৃঢ়করণের সর্বসম্মত সুপারিশ অনুমোদন। (২) বহরমপুর-কাশিয়াডাঙ্গা সড়কে ফ্লাইওভার নির্মাণের জন্য সড়ক বিভাজকের গাছগুলি তুলে নিয়ে শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানে এবং বুলনপুর সড়ক বিভাজকের ফাঁকা স্থানে রোপণ করার সুপারিশ অনুমোদন। (৩) যেকোন জীবিত বড় গাছ কাঁটাকে রাজশাহী সিটি কর্পোরেশন নিরুৎসাহিত করে এবং গাছ না কাঁটার সিদ্ধান্ত নিয়ে থাকে। শুধুমাত্র ঝুঁকিপূর্ণ কিংবা মরা গাছ কাঁটার আবেদনগুলি সরোজমিনে পরিদর্শন করে সাধারণ প্রশাসনিক শাখার মাধ্যমে নিয়ম অনুযায়ী টেন্ডার করার সুপারিশ অনুমোদন। (৪) (ক) বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক জৈব আবর্জনা, গাছের লতাপাতা এবং বায়োমাস উন্মুক্তভাবে পোড়ানো নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং গর্তের মধ্যে সংরক্ষণ করে জৈব সার বা কম্পোস্ট তৈরী করার পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে গৃহীত সুপারিশ অনুমোদন। (খ) রমজান মাসে মাঠপর্যায়ে কর্মরত শ্রমিকদের কাজের সময় সকাল ৭:৩০ মিনিট হতে দুপুর ৩:৩০মিনিট পর্যন্ত কাজ করার বিষয়ে গৃহীত সর্বসম্মত সুপারিশ অনুমোদন।}

(খ) ২৮-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

১১। সিটি কর্পোরেশন টাস্কফোর্স কমিটির গত ০৪-০২-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী পাঠ ও অনুমোদন।

{(১) ক. জন্ম গ্রহণকারী সকল শিশুর ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন ১০০% নিশ্চিতকরণ, খ. মৃত্যুবরণকারী সকল ব্যক্তির মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন ১০০% নিশ্চিতকরণ, গ. জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধি করতে ওয়ার্ড ভিত্তিক তৎপরতা জোরদারকরণ এবং ঘ. স্কুলে ভর্তি সহ সরকারি সকল সুযোগ-সুবিধা প্রদানের ক্ষেত্রে জন্ম ও মৃত্যু সনদ গ্রহণ আবশ্যককরণ, ঙ. জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবদের বিশেষ সতর্কতার সাথে নিবন্ধন তথ্য ফরম পূরণ পূর্বক সঠিকভাবে জন্ম নিবন্ধন নিশ্চিত করা এবং ভুল সংশোধনের ক্ষেত্রে উপ-পরিচালক বরাবর তথ্যটি যাচাইপূর্বক ই-মেইল মারফত প্রেরণের বিষয়টি নিশ্চিতকরণের সর্বসম্মত সুপারিশ অনুমোদন।}

১২। রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন “সিটি সেন্টার” মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদান প্রসঙ্গে।

১৩। পারচেজ কমিটি গঠন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

১৪। ওয়ার্ড পর্যায়ে ডিজিটাল সেন্টার স্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

১৫। গত ২৪ ডিসেম্বর ২০২৩ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশন এবং সোনার বাংলা ফাউন্ডেশন মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক সম্পর্কে অবহিতকরণ। (সমঝোতা স্মারাটি ফাইলের ১৫ নং সংযুক্তিতে রইলো সদয় দেখা যেতে পারে)

১৬। বিবিধ

(ক) সংরক্ষিত আসন নং-০৯ এর সম্মানিত কাউন্সিলর মৃত লাইলী বেগম এবং সাধারণ ওয়ার্ড নং-০৯ সম্মানিত কাউন্সিলর মৃত রেজাউন নবী (দুদু) অত্র কর্পোরেশন হতে যথাক্রমে ১,৯৮,০০০/= এবং ৫২,৫১৬/= অতিরিক্ত সম্মানীভাতা গ্রহণ করেছিলেন। তারা মৃত্যুবরণ করায় উল্লিখিত অর্থ ফেরৎ দিতে পারেননি। পরবর্তীতে তাদের ওয়ারিশগণের সাথে বারবার পত্র যোগাযোগ করা হয়েছে। তাতে তারা কোন সাড়া দেয়নি। এমতাবস্থায় এবিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্যই বিষয়টি সভায় উপস্থাপিত হয়েছে।

(খ) স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন - ১ শাখার গত ২৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১৮.০০২.২১-২০৮ নং স্মারকে সিটি কর্পোরেশনের সম্মানিত কাউন্সিলরগণের মাসিক সম্মানি ও সভায় উপস্থিত ভাতা পুনঃনির্ধারণ সম্বলিত প্রজ্ঞাপনের গেজেট পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেছে। গেজেটে বর্ণিত সম্মানিভাতা এস,আর, ও নম্বর প্রদানের তারিখ অর্থাৎ ১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ হতে সরকার কার্যকর করেছে। বিষয়টি কর্পোরেশন সভায় অবহিতকরণের নিমিত্ত অদ্যকার সভায় উপস্থাপিত হয়েছে।